দৈনিক
ইত্তেফাক

তারিখ ২২ DEC 2015
পৃষ্ঠা ৭ কলাম ২

# ঝুঁকিপূর্ণ ভবনে ক্লাস করছে শিক্ষার্থীরা

■ মোরেলগঞ্জ (বাগেরহাট) সংবাদদাতা

মোরেলগঞ্জ উপজেলার দৈবজ্ঞহাটী ইউনিয়নের প্রায় অর্ধশত বছরের পুরোনো ৪১ নং কেকে পোলেরহাট সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ঝুঁকিপূর্ণ ভবনে ক্লাস করছে শিক্ষার্থীরা। ভবনটি যে কোন সময়ে ভেঙে বড় কোন দুর্ঘটনার সম্ভাবনা রয়েছে। ১৯৫৮ সালে প্রতিষ্ঠিত হয়েছে উপজেলার কেকে পোলেরহাট সরকারি প্রাথমিক বিদ্যালয়টি। ১৯৬৮ সালে মাত্র ১৮ হাজার টাকা ব্যয়ে নির্মিত হয় এ বিদ্যালয়। ৪৭ বছর আগে নির্মিত এ বিদ্যালয়টি এখন মরণ ফাঁদে পরিণত হয়েছে। বিদ্যালয় ভবনে দরজা-জানালা নেই। নেই প্রয়োজনীয় বেঞ্চ, চেয়ার, টেবিল। প্রতিটি পিলারের পলেস্তরা খসে রড দেখা যাচ্ছে। ক্লাসরুমের পলেস্তরাও প্রতিনিয়ত ঝরে পড়ছে। অবকাঠামোগত ঝুঁকি ও আসবাবপত্রের চরম সংকটের কারণে ব্যাহত হচ্ছে শিক্ষা কার্যক্রম।

প্রতিবছরের পিএসসি রেজাল্টে একাধিক এ প্লাস-সহ শতভাগ পাসের সুনাম রয়েছে এ বিদ্যালয়ের। লেখাপড়ার পাশাপাশি সহপাঠ কার্যক্রমেও এগিয়ে রয়েছে বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা। তারপরও দুর্ঘটনার ভয়ে অভিভাবকরা তাদের সন্তানদের বিদ্যালয় পাঠাতে চায় না। ফলে প্রতিনিয়ত শিক্ষার্থীর সংখ্যা হ্রাস পাচ্ছে। প্রধান শিক্ষক হাওলাদার এনছানউদ্দিন জানান, সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে একাধিকবার লিখিতভাবে অবহিত করা হয়েছে। বাগেরহাট-৪ আসনের সংসদ সদস্য ভবন নির্মাণের জন্য ডিও লেটার দিয়েছেন। অথচ এ বিদ্যালয়ের দিকে কর্তৃপক্ষের কোন নজর নেই।